ফাতওয়া নাম্বার: ৫৪৩ প্রকাশকালঃ২৯-০২-২০২৫ ইং

বাংলাদেশের জমির ফসলে কি উশর দিতে হবে?

প্রশ্ন:

বর্তমানে আমাদের দেশের জমির ফসলে কি উশর দিতে হবে?

-জাহিদুল ইসলাম

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد!

হাঁ, আমাদের দেশের জমি উশরী হলে উশর দিতে হবে।

উল্লেখ্য, জমি দুই প্রকার: উশরী ও খারাজী। উশরী জমিতে উশর ওয়াজিব হয় এবং খারাজী জমিতে খারাজ। বাংলাদেশসহ ভারত উপমহাদেশের যে সকল জমি যুগ যুগ ধরে মুসলিমদের মালিকানায় চলে আসছে এবং মাঝে তা কাফেরের মালিকানায় থাকার কোনো প্রমাণ নেই, তা উশরী জমি বলে বিবেচিত হবে এবং তাতে উশর ওয়াজিব হবে। -ইমদাদুল ফাতাওয়া: ৪/৬৩-৬৪ (যাকারিয়া বুক ডিপো, ভারত); মাআরিফুস সুনান: ৫/২১৯ (এইচ এম সাইদ কোম্পানি, করাচি); জাওয়াহিরুল ফিকহ: ৩/৩৪৯-৩৫৩ (মাকতাবায়ে মাআরিফুল কুরআন, করাচি); আহসানুল ফাতাওয়া: ৪/৩৮০ (এইচ এম সাইদ)

এ ব্যাপারে বিস্তারিত জানতে দেখুন,

উশর: একটি বিস্মৃত ফরয জরুরি মাসায়েল মাওলানা উযায়ের আহমদ হাফিযাহুল্লাহ

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৩-০৮-১৪৪৬ হি.

১৩-০২-২০২৫ ঈ.